

শিক্ষা
৩০/০৪/২৬



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৭৫.০০০২.২০.১১

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩৩
৩০ এপ্রিল ২০২৬

বিষয়: উচ্চ-মাধ্যমিক ও সমমান শ্রেণিতে (একাদশ ও আলিম ১ম বর্ষে) ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের চলমান ভর্তি সহায়তার অনলাইন আবেদনের সময় বৃদ্ধিকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অধীন দেশের সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের উচ্চ-মাধ্যমিক ও সমমান শ্রেণিতে (একাদশ ও আলিম ১ম বর্ষে) ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ভর্তিকৃত/ অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত সময়সূচি ও নির্দেশিকা অনুসারে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের <https://www.eservice.pmeat.gov.bd/admission> লিংকে প্রবেশ করে নিম্নে উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে:

২। উচ্চ-মাধ্যমিক ও সমমান পর্যায়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষে (একাদশ ও আলিম ১ম বর্ষে) ভর্তিকৃত শিক্ষার্থীদের চলমান আবেদনের সময়: ৩০ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখের পরিবর্তে ০৭ মে ২০২৬ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত বৃদ্ধি করা হলো।

৩। শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৬' অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলি প্রতিপালন করতে হবে:

- মেধাবী হিসেবে শিক্ষার্থীর পূর্বের শ্রেণিতে শতকরা ন্যূনতম ৬০ নম্বরপ্রাপ্ত অথবা জিপিএ ৫.০০ এর ক্ষেত্রে ৩.৫০ প্রাপ্তির কপি আপলোড করতে হবে;
- এতিম শিক্ষার্থী, প্রতিবন্ধী শিক্ষার্থী/অভিভাবক, দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত শিক্ষার্থী/অভিভাবক, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধার সন্তান, হতদরিদ্র শিক্ষার্থী (অভিভাবক নিম্ন আয়ের শ্রমিক) এবং 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ২০তম গ্রেডের সরকারি কর্মচারীর সন্তান ভর্তি সহায়তার আবেদনের ক্ষেত্রে এর সমর্থনে প্রমাণকের কপি আবশ্যিকভাবে আপলোড করতে হবে;
- পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ৩ (তিন) লক্ষ টাকা বা তার কম হতে হবে;
- শিক্ষার্থী হতদরিদ্র পরিবারের সন্তান মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা বা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের কপি আপলোড করতে হবে; এবং
- ট্রাস্ট কর্তৃক নির্ধারিত ফরমে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন, শিক্ষার্থীর জন্মনিবন্ধন কপি, পিতা ও মাতার এনআইডি কপি, শিক্ষার্থীর ১ কপি ছবি এবং শিক্ষার্থী অথবা পিতা বা মাতা'র অনলাইন ব্যাংক একাউন্ট এর তথ্যের স্পষ্ট কপি আবশ্যিকভাবে আপলোড করতে হবে।

৪। কার্যক্রমটি সম্পূর্ণ অনলাইন ভিত্তিক হওয়ায় আবেদনের হার্ড কপি ট্রাস্টে প্রেরণের প্রয়োজন নেই। ভর্তি সহায়তা সংক্রান্ত হেল্পলাইনঃ ০২-৫৫০০০৪২৮, ০১৭৭৮৯৫৮৩৫৬ ও ০১৭৭৮৯৬৪১৫৬ (অফিস চলাকালীন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত হেল্পলাইন নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)।

৫। এমতাবস্থায়, উচ্চ-মাধ্যমিক ও সমমান শ্রেণিতে (একাদশ ও আলিম ১ম বর্ষে) ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের উল্লিখিত সময়ের মধ্যে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

ক) শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৬।

সংযুক্তিঃ

(১) ভর্তি সহায়তা নির্দেশিকা, ২০২৬



৩০-০৪-২০২৬
প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক
ফোন : ০২-৫৫০০০৪২৮
ইমেইল : ad.stipend@pmeat.gov.bd

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বিজ্ঞপ্তি টি অবহিত করার অনুরোধসহ)।।

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৭৫.০০০২.২০.১১/১ (১৬)

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩৩
৩০ এপ্রিল ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ২। সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ৪। মহাপরিচালক ((অতিরিক্ত সচিব) (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ৫। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
- ৬। সকল কর্মকর্তা, পিএমইএটি/এইচএসপি, ধানমন্ডি, ঢাকা।
- ৭। অধ্যক্ষ, সংশ্লিষ্ট সকল সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান।
- ৮। সকল উপজেলা নির্বাহী অফিসার।
- ৯। জেলা, শিক্ষা অফিসার (সকল)।
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ১১। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
- ১৫। ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
- ১৬। ব্যক্তিগত সহকারী, পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।





৩০-০৪-২০২৬
প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক